**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-09-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি ভিলেজ কমিটি নির্বাচনে মনোনয়নপত্র গ্রহণ আগামীকাল শেষ হচ্ছে।**

**(২) যুব ও ক্রীড়া মন্ত্রকের উদ্যোগে দেশব্যাপী 'বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ-২০২৭' শুরু হয়েছে।**

**(৩) উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ ছাত্র যুবদের মাদকের বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়ার আহ্বান জানিয়েছেন।**

**(৪) আগামী বুধবার 'রাষ্ট্রীয় পোষণ মাহ ২০২৬'-এর সূচনা করবেন নারী ও শিশু কল্যাণ মন্ত্রী অন্নপূর্ণা দেবী।**

**(৫) সদর আন্তঃস্কুল ক্রিকেটে চ্যাম্পিয়ন হল বড়দোয়ালি হাইস্কুল।**

*****************************

**Nomination :**

এডিসি ভিলেজ কমিটি নির্বাচনে মনোনয়নপত্র গ্রহণ আগামীকাল শেষ হচ্ছে। পরদিন অর্থাৎ ৯ই সেপ্টেম্বর মনোনয়নপত্রগুলি স্ক্রুটিনি করা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন ১১ই সেপ্টেম্বর। উল্লেখ্য, আগামী ২৮শে সেপ্টেম্বর ৫৮৭টি ভিলেজ কমিটির মোট ৪ হাজার ৫৯৭টি আসনে ভোট গ্রহণ করা হবে।

এদিকে, আজ বিভিন্ন রাজনৈতিক দলের পক্ষ থেকে প্রার্থীরা এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য মনোনয়নপত্র জমা দেন। আজ পর্যন্ত মোট ৬ হাজার ২২৭ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এরমধ্যে বিজেপি প্রার্থী ৫৯১ জন, সিপিআইএম-এর ১ হাজার ৭৬৭ জন, কংগ্রেসের ১২৪ জন এবং

আইপিএফটি ১১৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। তাছাড়া তিপরা মথার ৩ হাজার ৩৩৪ জন, সিপিআই-এর ৩ জন এবং নির্দল প্রার্থী হিসাবে মোট ২৮৯ জন আজ পর্যন্ত মনোনয়নপত্র জমা দিয়েছেন।

লেফুঙ্গা ব্লকের বিডিও তথা রিটার্নিং অফিসার প্রসেনজিৎ ভৌমিক জানান, এই ব্লকে ৫টি ভিলেজ কমিটির নির্বাচনে আজ তিপ্রা মথা দলের ৩৯ জন প্রার্থী মনোনয়নপত্র দিয়েছেন।

কিল্লা-বাগমা এলাকায় ১০টি ভিলেজ কমিটিতে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ বিজেপি প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেন। উপস্থিত ছিলেন বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া। মাতাবাড়ি ব্লকে বিজেপি প্রার্থীদের মনোনয়নপত্র জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি তথা বিধায়ক অভিষেক দেবরায়।

ঊনকোটি জেলার কুমারঘাট ব্লকের নয়টি এডিসি ভিলেজ কমিটিতে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজও বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা মনোনয়নপত্র জমা দিয়েছেন। রিটার্নিং অফিসার তথা কুমারঘাটের BDO সুশান্ত দত্ত জানিয়েছেন, ভিলেজ কমিটি নির্বাচন সুষ্ঠু ও নির্বিঘ্নে সম্পন্ন করতে প্রয়োজনীয় সবধরনের প্রশাসনিক প্রস্তুতি গ্রহণের কাজ চলছে।

সিপাহীজলা জেলার কাঁঠালিয়া আর ডি ব্লকে বিজেপি প্রার্থীরা আজ মনোনয়নপত্র জমা দেন। উপস্থিত ছিলেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রতিমা ভৌমিক, বিধায়ক বিন্দু দেবনাথ এবং বিজেপির সংখ্যালঘু মোর্চার রাজ্য সভাপতি বিল্লাল মিয়া। মোহনভোগ ব্লকে বিজেপি প্রার্থীদের মনোনয়ন পত্র জমা দেওয়ার সময় উপস্থিত ছিলেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ।

মুঙ্গিয়াকামি ব্লকেও বিজেপি প্রার্থীরা মনোনয়নপত্র দাখিল করেন। উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা।

**************************

**CPIM :**

ভিলেজ কমিটি নির্বাচনে পশ্চিম জেলার বিভিন্ন ব্লকে বামফ্রন্ট প্রার্থীদের মনোনয়নপত্র জমা দিতে বাধা দেওয়া হচ্ছে এই অভিযোগে বামফ্রন্টের পক্ষ থেকে আজ জেলাশাসকের কাছে ডেপুটেশন দেওয়া হয়। বামফ্রন্ট প্রার্থীদের মনোনয়নপত্র দাখিলের সময় পর্যাপ্ত নিরাপত্তা দেবার জন্য জেলাশাসকের কাছে দাবি জানানো হয়। সিপিআইএম পশ্চিম জেলা কমিটির সম্পাদক রতন দাস এখবর জানিয়েছেন।

**************************

**BJP :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ ঊনকোটি জেলা সদর কৈলাশহর সফর করেন। সেখানে তিনি বিজেপি'র কার্যকর্তাদের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে ভিলেজ কমিটির নির্বাচনকে সামনে রেখে বিজেপি'র সাংগঠনিক প্রস্তুতি নিয়ে আলোচনা করেন। উপস্থিত ছিলেন রাজ্য ওয়াকফ বোর্ডের চেয়ারম্যান মবস্বর আলি, বিজেপি'র জেলা সভাপতি বিমল কর প্রমুখ।

*****************************

**My Bharat-VBYLD-2027 :**

যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের যুব বিষয়ক বিভাগের উদ্যোগে দেশব্যাপী 'বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ বা ভি.বি.ওয়াই.এল.ডি-২০২৭' শুরু হয়েছে। এর প্রথম পর্যায় হল 'বিকশিত ভারত ক্যুইজ'। গত ১৭ই আগস্ট থেকে শুরু হওয়া এই ক্যুইজ চলবে আগামী ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত।

মাই ভারত ত্রিপুরার পক্ষ থেকে রাজ্যের আটটি জেলার যুবসমাজকে বিকশিত ভারত ক্যুইজে ব্যাপক সংখ্যায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হয়েছে।

'বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ-২০২৭'-এর মূল লক্ষ্য হল 'বিকশিত ভারত'-এর ভাবনা ও লক্ষ্যের সঙ্গে দেশের তরুণ নাগরিকদের যুক্ত করা এবং দেশের উন্নয়নের ক্ষেত্রে তাঁদের চিন্তাভাবনা, মতামত ও দৃষ্টিভঙ্গি তুলে ধরার সুযোগ করে দেওয়া। ক্যুইজের পর এই কর্মসূচি বিভিন্ন পর্যায়ের

মধ্য দিয়ে এগিয়ে যাবে। এর মধ্যে রয়েছে বিকশিত ভারত প্রবন্ধ প্রতিযোগিতা, জেলা চ্যাম্পিয়নশিপ, রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল পর্যায়ের বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ এবং নয়াদিল্লিতে অনুষ্ঠিতব্য জাতীয় বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ। নির্বাচিত যুবকদের প্রধানমন্ত্রীর সামনে তাঁদের চিন্তাভাবনা ও মতামত সরাসরি উপস্থাপনের সুযোগ দেওয়া হবে। মাই ভারত প্ল্যাটফর্মের মাধ্যমে বিকশত ভারত কুইজে অংশগ্রহণ করা যাবে।

**************************

**VP–C.P. Radhakrishnan :**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ যুবকদের মাদকাসক্তির বিরুদ্ধে দৃঢ় অবস্থান নিতে এবং মাদকমুক্ত সমাজ গঠনে সক্রিয়ভাবে অবদান রাখার আহ্বান জানিয়েছেন। আজ গৌহাটি বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে তিনি এই আহ্বান জানান। তিনি একটি মাদকমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে উপস্থিত সবাইকে শপথবাক্য পাঠ করান।

শ্রী রাধাকৃষ্ণণ বলেন যে, একটি শিক্ষা প্রতিষ্ঠানের মূল্য কেবল র‍্যাঙ্কিং-এর মধ্যে নয়, বরং সমাজ পরিবর্তনে তার সক্ষমতার মধ্যে নিহিত থাকে। তিনি শিক্ষা, সাহিত্য, বিজ্ঞান এবং বুদ্ধিবৃত্তি সাধনার ক্ষেত্রে মানবসম্পদ উন্নয়নে অবদানের জন্য গৌহাটি বিশ্ববিদ্যালয়ের প্রশংসা করেন।

অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি 'সমন্বিত উন্নয়ন: উত্তর-পূর্ব পরিষদের ভূমিকা', 'চন্দ্রকান্ত অভিধান'-এর পঞ্চম সংস্করণ, এবং 'ভূপেন হাজারিকা: একশত বছরের পরিভ্রমণের গান'-এই তিনটি বই প্রকাশ করেন।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপে। ফলো করুন - সোশ্যাল মিডিয়ায় ফেসবুক ও এক্স হ্যান্ডেল অল ইন্ডিয়া রেডিও নিউজ এবং ইনস্টাগ্রাম পেজ এ-আই-আর-নিউজ-এলার্টস। দেখুন অফিসিয়াল ইউটিউব চ্যানেল নিউজ-অন-এআইআর।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউটিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**Poshan Maah :**

নারী ও শিশু কল্যাণ মন্ত্রী অন্নপূর্ণা দেবী আগামী বুধবার বারাণসীতে নবম 'রাষ্ট্রীয় পোষণ মাহ ২০২৬'-এর উদ্বোধন করবেন। এই বছরের পোষন মাস কর্মসূচী, 'মিশন সক্ষম অঙ্গনওয়াড়ি' এবং 'দ্বিতীয় পর্যায়ের পুষ্টি প্রকল্প'-এর আওতায় সংশোধিত পরিপূরক পুষ্টি কর্মসূচী Supplementary Nutrition Programme-র নির্দেশিকার ভিত্তিতে শক্তিশালী করার লক্ষ্য নেওয়া হয়েছে, যেখানে প্রথমবারের মতো রান্নাকরা গরম খাবার পরিবেশনের তাৎপর্যের উল্লেখ থাকবে এবং SNP মেনু বোর্ড বাধ্যতামূলক করা হবে।

উল্লেখ্য, রাষ্ট্রীয় পোষণ মাহ অভিযান ২০১৮ সালে চালু হয়েছিল। বর্তমানে এই অভিযান নারী, শিশু ও কিশোর-কিশোরীদের মধ্যে পুষ্টি, স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করছে। এই অভিযান 'আমাদের অঙ্গনওয়াড়ি-আমাদের নিজেদের' এই মূলমন্ত্রের মাধ্যমে এগিয়ে যাচ্ছে।

পোষণ মাস ২০২৬ পাঁচটি পারস্পরিক শক্তিশালীকরণমূলক বিষয়ের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত হবে। বিষয়গুলো হলো খাদ্যের বৈচিত্র্য ও পর্যাপ্ত প্রোটিন, অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে গরম রান্না করা খাবার, সামাজিক

মালিকানা ও দায়বদ্ধতা এবং পুষ্টি, শৈশব বিকাশের জন্য প্রারম্ভিক উদ্দীপনা ও শিক্ষা।

*****************************

**Nepal Flood :**

নেপাল-তিব্বতের ভয়াবহ বন্যায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১ হাজার ৩৫৫। ভোটেকোশি ও ত্রিশূলী নদী উপত্যকার জলবিদ্যুৎ প্রকল্পগুলিতে এখনও নিখোঁজদের সন্ধানে উদ্ধার অভিযান চলছে।

নেপালের ইন্ডিপেন্ডেন্ট পাওয়ার প্রডিউসার্স অ্যাসোসিয়েশনের তথ্য অনুযায়ী, ১১টি জলবিদ্যুৎ প্রকল্পে কর্মরত ৯১৯ জন এখনও যোগাযোগের বাইরে রয়েছেন। তবে কয়েকটি প্রকল্প থেকে জীবিতদের উদ্ধার করা সম্ভব হয়েছে।

নেপালের ভয়াবহ বন্যায় প্রাণহানির ঘটনায় আজ সে দেশে জাতীয় শোক দিবস পালন করা হচ্ছে।

***************************

**NCC :**

এনসিসি-র শিলচর গ্রুপ কমান্ডার ব্রিগেডিয়ার আনন্দ রাজ সিং তিনদিনের রাজ্য সফরে আজ আগরতলায় এসেছেন। শহীদ ভগৎ সিং যুব আবাসে অনুষ্ঠিত এনসিসি অফিসার্স কনক্লেভে তিনি বলেন, এনসিসিতে অংশ গ্রহনের ফলে ছাত্রছাত্রীদের মধ্যে জাতীয়তাবোধ, একতা ও শৃঙ্খলা বাড়ছে। ত্রিপুরায় এনসিসি একাডেমি স্থাপন করা হবে বলেও তিনি উল্লেখ করেন।

****************************

**Cricket :**

সদর আন্তঃস্কুল ক্রিকেটে আজ আসাম রাইফেলস পাবলিক স্কুলকে নয় উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে বড়দোয়ালি হাইস্কুল। নীপকো মাঠে আয়োজিত ফাইনালে প্রথম ব্যাট করে আসাম রাইফেলস কুড়ি ওভারে পাঁচ উইকেট হারিয়ে ১১০ রান সংগ্রহ করে। জবাবে খেলতে নেমে বড়দোয়ালি

হাইস্কুল এক উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে অনুভা পাল ৬৩ রান করে প্লেয়ার অব দ্যা ম্যাচ হয়েছেন।

***************************************

**JC Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত জে সি স্মৃতি লিগ ক্রিকেট প্রতিযোগিতায় স্ফুলিঙ্গ ক্লাব জয়লাভ করেছে। নরসিংগড়ের টি আই টি মাঠে তিনদিনের খেলায় স্ফুলিঙ্গ ক্লাব ৪ উইকেটে সংহতি ক্লাবকে হারিয়ে দেয়। তৃতীয় তথা শেষ দিনে আজ স্ফুলিঙ্গ ক্লাব দ্বিতীয় ইনিংসে ছয় উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। এই ম্যাচে সংহতি ক্লাবের দুই ইনিংসের ১৭০ ও ৬৪ রানের জবাবে স্ফুলিঙ্গ প্রথম ইনিংসে ১২৯ রান করেছিল।

এদিকে, এম বি বি স্টেডিয়ামে তিনদিনের অপর খেলায় ব্লাডমাউথ ক্লাবের বিরুদ্ধে জয়নগর ক্রিকেট ক্লাব লিড নিয়ে ড্র করেছে। ব্লাডমাউথের ৩০০ রানের জবাবে জয়নগর ক্রিকেট ক্লাব প্রথম ইনিংসে লিড নিয়ে শেষ পর্যন্ত ৭ উইকেট হারিয়ে ৩৫১ রান করে।

*************************

**Women Cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র মহিলা ক্রিকেটে আজ তিন ম্যাচে জয় পেয়েছে বিশালগড়, শান্তিরবাজার এবং লংতরাইভ্যালি। জামজুরি মাঠে আয়োজিত ম্যাচে বিশালগড় নয় উইকেটে কৈলাসহরকে পরাজিত করেছে। বাইখোরা স্কুল মাঠে আয়োজিত ম্যাচে শান্তিরবাজার দশ উইকেটে সাব্রুমকে ও বিদ্যাপীঠ মিনি স্টেডিয়ামে আয়োজিত ম্যাচে লংতরাইভ্যালি আট উইকেটে কমলপুরকে পরাজিত করেছে। শহীদ কাজল স্মৃতি ময়দানে সোনামুড়া ও জিরানিয়ার ম্যাচটি বৃষ্টির জন্য পরিত্যক্ত ঘোষণা করা হয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় উত্তর জেলা, খোয়াই, গোমতী ও দক্ষিণ জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রী সেলসিয়াস।

**************************